



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৭৮৫/নওগাঁ-২০৪/

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
১০ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন কাতকাইল দাখিল মাদ্রাসার সুপার পদে জনাব মো: আব্দুল বারীকে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং কামাশিবো/প্রশাসন/নওগাঁ-২০৪/৭৩/৫ তারিখ: ১১/১০/২০২০ ইং;

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন কাতকাইল দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার জনাব মো: আব্দুল বারীকে বিধি-বহির্ভূতভাবে বরখাস্ত করায় স্বপদে বহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৪.০৭.২০২০ খ্রি. তারিখে অত্র বোর্ডে একখানা আবেদন করেন। আবেদনের সাথে মহামান্য হাইকোর্ট বিভাগের ভারুয়ালকোর্ট রিট পিটিশন নং-৭৯/২০২০ (রিট পিটিশন নং-৩৩২১/২০২০ হতে উদ্ধৃত) এর রায়ের কপি সংযুক্ত করেন। উক্ত রায়ের প্রেক্ষিতে অত্র বোর্ডে দাখিলকৃত গত ১৩.০২.২০২০ খ্রি.তারিখের দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ জবাব প্রেরণের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায়, বরখাস্তকৃত সুপার জনাব মো: আব্দুল বারীকে তার বরখাস্ত বিষয়ে গঠিত তদন্ত কমিটিতে প্রথম শ্রেণির কর্মকর্তা অনুপস্থিত এবং বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদন গ্রহণ ব্যতীত তাঁকে বিধি-বহির্ভূতভাবে বরখাস্ত করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। ভারপ্রাপ্ত সুপার তার জবাবে সুপার পদে আব্দুল বারী পূর্ববহাল হলে আপত্তি নেই মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় জনাব মো: আব্দুল বারীর বরখাস্ত বিধি মোতাবেক না হওয়ায় তিনি পত্র জারির পর থেকে সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দিয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

জনাব মো: আব্দুল বারী ( সুপার)  
কাতকাইল দাখিল মাদ্রাসা  
ডাবঘর: করিদহ, পোরশা, নওগাঁ;

স্বাক্ষর:  
মো: সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোন: ৯৬১২৮৫৮  
ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

নং-বামাশিবো/প্রশাসন/ ৭৮৫/নওগাঁ-২০৪

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
১০ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস ( ৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, নওগাঁ;
৩. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৪. উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পোরশা, নওগাঁ;
৬. সভাপতি, কাতকাইল দাখিল দাখিল মাদ্রাসা, করিদহ, পোরশা, নওগাঁ;
৭. জনাব মো: আব্দুল কাদের, কাতকাইল দাখিল মাদ্রাসা, করিদহ, পোরশা, নওগাঁ;
৮. ম্যানেজার, সোনালী/জনতা/রুপালী/অগ্রণী ব্যাংক..... শাখা, পোরশা, নওগাঁ;
৯. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

স্বাক্ষর:  
মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

১০/৩/২১